# গোপন স্থানে ২৪ ঘণ্টার বেশি আটক রাখলে তা গুম: চিফ প্রসিকিউটর



চিফ প্রসিকিউটর আমিনুল ইসলাম। ছবি: সংগৃহীত

আইনশৃঙ্খলা বাহিনীর হেফাজতে কোনো ব্যক্তিকে ২৪ ঘণ্টার বেশি সময় গোপনে আটকে রাখা হলে তা গুম হিসেবে বিবেচিত হবে বলে জানিয়েছেন চিফ প্রসিকিউটর আমিনুল ইসলাম।

সোমবার (৭ সেপ্টেম্বর) দুপুরে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে এক ব্রিফিংয়ে তিনি এ কথা বলেন।

চিফ প্রসিকিউটর জানান, কাউকে আটক করার পর তার অবস্থান বা আটকের বিষয়টি পরিবারের কাছে গোপন রাখা হলে এবং ২৪ ঘণ্টার বেশি সময় তাকে আইনি প্রতিকারের সুযোগ থেকে বঞ্চিত করা হলে ওই ঘটনাকে গুম হিসেবে গণ্য করা হবে।

তিনি বলেন, সম্প্রতি জাতীয় সংসদে গুম প্রতিরোধ ও প্রতিকার আইন পাস হয়েছে। নতুন আইনে গুমের একটি সুস্পষ্ট সংজ্ঞা নির্ধারণ করা হয়েছে।

আইন অনুযায়ী, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী কোনো ব্যক্তিকে গ্রেফতার বা আটক করার পর তার অবস্থান কিংবা কোথায় নেওয়া হয়েছে, সেই তথ্য গোপন রাখলে অথবা তাকে অজ্ঞাত স্থানে আটকে রাখলে তা স্বতন্ত্র ফৌজদারি অপরাধ হিসেবে বিবেচিত হবে। একইভাবে আটক ব্যক্তিকে আইনি অধিকার ও সুবিধা থেকে বঞ্চিত করাও আইনের আওতায় অপরাধ হিসেবে গণ্য হবে।

আমিনুল ইসলাম আরও জানান, গুমের ঘটনা ব্যাপক আকারে সংঘটিত হলে অথবা একই ধরনের পরিকল্পিত পদ্ধতি অনুসরণ করে ধারাবাহিকভাবে ঘটানো হলে তা মানবতাবিরোধী অপরাধের পর্যায়ে পড়তে পারে।

এ ধরনের অভিযোগের বিচার আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে হবে বলেও জানান চিফ প্রসিকিউটর।